

চিন-ভারত সীমান্ত নিয়ে ডব্লিউএমসিসির তৃতীয় বৈঠক

চিন-ভারত সীমান্ত বিষয়ে পরামর্শ ও সমন্বয় নিয়ে কার্যকরী ব্যবস্থাপনার তৃতীয় বৈঠক ২৩-২৪ জুলাই ২০১৩ নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়। ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেন পূর্ব এশিয়া বিভাগের যুগ্ম সচিব শ্রী গৌতম বাম্বাওয়ালে। এই প্রতিনিধিদলে পররাষ্ট্রমন্ত্রণালয়, প্রতিরক্ষা, স্বরাষ্ট্র সহ ভারতীয় সেনাবাহিনী ও ইন্দো-তিবেতিয়ান সীমান্ত রক্ষীদের প্রতিনিধিরাও ছিলেন। চিনা প্রতিনিধিদলের নেতৃত্ব দেন পররাষ্ট্রমন্ত্রণালয়ের সীমান্ত ও সমুদ্র বিষয়ের বিভাগের ডিরেকটর জেনারেল মিঃ ওয়াং ইউজিং। অন্য সদস্যরা ছিলেন চিন গণপ্রজাতন্ত্রের পররাষ্ট্রমন্ত্রণালয় ও জাতীয় নিরাপত্তা বিষয়ের প্রতিনিধিরা। পরে চিনা প্রতিনিধিদল পররাষ্ট্রসচিব রঞ্জন মাথাইয়ের সংগে দেখা করেন।

বৈঠকে আলোচনা অত্যন্ত গঠনমূলক এবং অগ্রগতিমূলক পরিবেশে হয়েছে। দুই দেশের মধ্যে শান্তি ও স্থিতিবস্থা রাখার পক্ষে দুই প্রতিনিধিদল চিন-ভারত সীমান্তের সাম্প্রতিক ঘটনাবলীর পর্যালোচনা করেন। দুই পক্ষের মধ্যে আস্থাবর্ধক অতিরিক্ত পদক্ষেপ নওয়ার বিষয়ে আলোচনা হয়। তাঁরা কার্যকরী ব্যবস্থাকে আরো উন্নত এবং কার্যকর করার লক্ষ্যে পরামর্শ করেছেন।

দুই দেশের প্রতিনিধিদল কৈলাস-মানসরোবর যাত্রার অতিরিক্ত রাস্তা চালু করা নিয়ে আরো আলোচনা করেছেন।

উভয়পক্ষের মধ্যে সম্মত তারিখে কার্যকরী ব্যবস্থাপনার পরবর্তী চতুর্থ বৈঠক চিনে অনুষ্ঠিত হবে।

নয়াদিল্লি

২৪ জুলাই, ২০১৩